# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ,নীলফামারী।

তারিখ ঃ ২২-সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ। সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সভা পরিচালনার দায়িত্ব নিয়ে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের পক্ষে সভায় উপস্থিত জনাব তুষার কান্তি রায়, কৃষি সম্প্রসারণ অফিসার সভায় জানান যে, এ উপজেলায় চলতি মৌসুমে রোপা আমান ধানের অর্জন ১৪৮৮০ হেঃ এর মধ্যে আগাম ধান ৪৫০ হেঃ কর্তন সম্পন্ন হয়েছে। আবহাওয়া অনুকুল থাকলে দ্রুত ধান কর্তন চলবে। গড় ফলন ২.৬৫ মেঃটন পাওয়া যাচ্ছে। ৫ হেঃ জমিতে আগাম আলু লাগানো হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের নাবী পাট বীজ উৎপাদনের লক্ষে ২০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে উপ-সহকারী কর্মকর্তার জন্য কক্ষ বরাদ্দ প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | ১। বৈশ্বিক মহামারীতে দেশে অধিক ফসল উৎপাদনে আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা হয়।<br>২। সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে উপসহকারী কৃষি কর্মকর্তার জন্য কক্ষ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। চেয়ারম্যান সকল। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বর্তমানে প্রতিদিন ১৪০০- ১৮০০ জনকে করোনার টিকা প্রদান করা হচ্ছে । ৫০ বেডের হাসপাতালের পদ গুলো সৃজন করা হয়েছে। জনবল পদায়ন হলে চিকিৎসা সেবা প্রদান করা সহজ হবে। তিনি আরও জানান এখন পর্যন্ত ৩২,৭০০টি চায়নার টিকা ১ম ও ২য় ডোজ প্রদান করা হয়েছে এবং এস্টাজেনেকার ২০,৩০০ জনকে টিকা দেয়া হয়েছে। মোট টিকা দেয়া হয়েছে ৫৩,০০০ ডোজ ও গণ টিকা দেয়া হয়েছে ১০,০০০ ডোজ(১ম ও ২য়)। গত বছর এপ্রিল হতে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৮৪জন এর মধ্যে সুস্থ্য হয়েছে ১৭৪ জন। হোম আইসোলেশনে আছে ৭জন এবং মৃত্যু হয়েছে ৩ জনের। টিকা প্রাপ্তি সাপেক্ষে পর্যাক্রমে সকলকে টিকা দেয়া হবে। | ১। জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য প্রচার প্রচারণা অব্যাহত রাখারসহ টীকা প্রদানের জন্য রেজিষ্ট্রেশন করার উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কিশোরগঞ্জ,<br>২। সংশ্লিষ্ট সকল |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় উপস্থিত উপসহকারী প্রকৌশলী জনাব দীন বন্ধু রায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর জন্য এডিপি'র ২০২১-২২ অর্থ বছরে ১ম কিস্তিতে ২৪,২২,০০০/-(চব্বিশ লক্ষ বাইশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পরিষদে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালের সৌন্দর্য বৃদ্ধির জন্য ৪,৫৫,৬৭১/-( চার লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত একাত্তর) টাকার ব্যয় হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(ক) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর এর পূর্ব পাশের ভাঙ্গা প্রাচীর মেরমাতের প্রাক্কলন প্রস্তুত এবং<br>(খ) উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন গেট নির্মাণ, সংযোগ রাস্তার তৈরী ও প্রাচীর উচুকরণ এর প্রাক্কলন প্রস্তুত করে আর্থিক সংস্থানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের প্রস্তাব করেন। | (ক) ও (খ) প্রস্তাব ০২টি সর্বসম্মতি ক্রমে গৃহীত হওয়ায় দ্রুত ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুপূর্বক আর্থিক সংস্থানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা প্রকৌশলী, কিশোরগঞ্জ |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রাণি সম্পদ উন্নয়নে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ,অফিসার, কিশোরগঞ্জ |
| ০৫ | মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কাজ সম্পর্কে জানা গেল না। | উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ০৬ | ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কাজ সম্পর্কে জানা গেল না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। জিটুপি এর আওতায় সকল ভাতা ভোগীর ভাতা প্রদান কাজ সম্পন্ন করা হয়েছে। পুরাতন প্রায় ১৭,০০০ জন ভাতাভোগীর নগদ ব্যাংক একাউন্ট নম্বর পুনরায় সঠিকতা যাচাই করা হচ্ছে। ৯২৯৭ জন নতুন শতভাগ ভাতাভোগী যাচাই কার্যক্রম চলমান। প্রতি স্থাপনের কার্যক্রম চলমান। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১।উপজেলা সমাজসেবা অফিসার<br>২। চেয়ারম্যান সকল ইউপি। |
| ০৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসারের পক্ষে সভায় উপস্তিত জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনা পরিস্থিতি কিছুটা শিথিল হওয়ায় সরকার আগামী ১২ সেপ্টেম্ব/২১ হতে স্কুল খোলার সিদ্ধান্ত দেয়ায় স্কুল গুলোতে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১)উপজেলা শিক্ষা অফিসার,কিশোরগঞ্জ নীলফামারী। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার(অঃদাঃ) সভায় আগস্ট/২১ মাসের তথ্য উপস্থাপন করেন। খাবার বড়ি(সুখী)- ৪১১৮ চক্র, বড়ি(আপন) ৫২৭ চক্র, কনডম-৪৮৮৬ পিচ, ইনজেকটেবল-১৫৫৮ (ভায়াল) বিতরণ করা হয়েছে। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী- পুরুষ-২ জন ও মহিলা ৯ জন,ইমপ্লান্ট ১২২ জন ও আই, ইউ, ডি ৪২ জন কে সেবা প্রদান করা হয়েছে।মোট সক্ষম দম্পতির সংখ্যা-৫৪,৬৯১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী- ৪৩৮৫৯ জন, মোট সিএআর= ৮০.১৯%। | সরকারী টার্গেটা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী। |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ভিজিডি এর আওতায় ৩৪৪৭ জন উপকারভোগী সেবা পাচ্ছেন। মাতৃত্বকাল ভাতাভোগীর সংখ্যা-১৪৫৮ জন, ৩টি ট্রেডে প্রশিক্ষণ অব্যাহত আছে। ০৯টি ইউনিয়নে ০৯টি কিশোর-কিশোরী ক্লাব আছে। তিনি মহিলা প্রশিক্ষণ কক্ষটি সংস্কারের জন্য প্রস্তাব করেন। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | ১। নীতিমালা মোতাবেক যথা সময়ে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।<br>২। প্রশিক্ষণ কক্ষটি স্বল্প পরিসরে মেরামতের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহিলা বিষয়ক কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হয়েছে। | নীতিমালার আলোকে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,কিশোরগঞ্জ |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে ১ম ও ২য় পর্যায়ের নির্মিত ঘরে প্রতি ১০টি পরিবারের জন্য ১টি করে মোট ২৮টি অগভীর টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। | জনস্বার্থে বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,কিশোরগঞ্জ |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি অফিসে লেট্রিন না থাকায় লেট্রিন তৈরীর জন্য সভায় প্রস্তাব করেন। | একটি লেট্রিন তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী।<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় সভায় জানান যে, আবর্তক খাতে ঋণ বিতরন ৭.৯৮ লক্ষ টাকা, ঋণ আদায় ৭.৬৪ লক্ষ টাকা,উদকনিক প্রকল্পের ২২তম ব্যাচের প্রশিক্ষণ আগামী সপ্তাহ হতে শুরু হবে। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ |
| ১৫ | বন ও পরিবেশ অধিদপ্তর | ফরেস্টার, সামাজিক বনায়ন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কাজ সম্পর্কে জানা গেল না। | ফরেস্টার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দীর্ঘ দিন বিদ্যালয় বন্ধ থাকায় অনেক বেঞ্চ নষ্ট হয়েছে। তাছাড়া ইলেকট্রনিক্স ডিভাই গুলো নষ্ট হয়েছে। | বিদ্যালয় গুলো পাঠদান উপযোগী করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ । |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,<br>(ক) আনসার ব্যারাকের ছাদ সংযুক্ত বারান্দা,পানির ট্যাংকি ও মোটর সংযোগসহ সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা<br>(খ) উপজেলা পরিষদের সভা কক্ষের আসবাবপত্র ও সাউন্ড সিস্টেম ক্রয় করা<br>(গ) সমবায় অফিসের জন্য ওয়াশ রুম নির্মাণ করা<br>(ঘ) পাট অফিস ও মহিলা ট্রেনিং সেন্টারের বিদ্যুৎ লাইনসহ দরজা জানালা মেরামত<br>(চ) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের চেয়ার, টেবিল ও সোফাসেট ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরও জানান নিম্নে উল্লেখিত আনুষঙ্গিক ব্যয় গুলো উপজেলা পরিষদ পরিচালনার জন্য করা নিম্নরুপ ব্যয় হয়েছে<br>(ক) জুলাই,আগস্ট ও সেপ্টেম্বর/২১ মাসের আনুষংগিক ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা,<br>(খ) আপ্যায়ন ব্যয় সেপ্টেম্বর মাসে =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা,<br>(গ) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আগস্ট/২১ মাসে সম্মানী ভাতা প্রদান = ৯৪,০০০/-(চুরা নব্বই হাজার) টাকা,<br>(ঘ) অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ(কম্পিউটারের প্রিন্টার মেরামত ও টোনার ক্রয়) = ২০,৫০০/- (কুড়ি হাজার পাঁচশত) টাকা,<br>(ঙ) সিসিটিভি ক্যামেরা লাগানো ও মেরামত= ১২,৬০০/- (বার হাজার ছয়শত) টাকা,<br>(চ) ইন্টারনেট বিল (আগস্ট ও সেপ্টেম্বর/২১ মাসের) =৮,৬০০/-(আট হাজার ছয়শত)টাকা,<br>(ছ) উপজেলা পরিষদের বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্রয় (বাসাবাড়ী)= ১১,৭৯০/-(এগারো হাজার সাতশত নব্বই) টাকা,<br>(জ) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেমপ্লেট তৈরী=২৭,৫৫০/-(সাতাশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা,<br>(ঝ) অস্থায়ী ভাবে নিয়োজিত আনসারদের আগস্ট/২১ মাসের ভাতা =৭,৫০০/(সাত হাজার পাঁচশত)- টাকা,<br>(ঞ) ব্যানার= ৯২০/-(নয়শত কুড়ি) টাকা,<br>(ট) অফিস সরঞ্জাম ক্রয় (ক্রোকারিজ ক্রয়)বাবদ= ৯,৯০০/- (নয় হাজার নয়শত) টাকা,<br>(ঠ) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বাবদ=১৯,৭৭৯/- (উনিশ হাজার সাতশত উন আশি) টাকা,<br>(ড) পরিচ্ছন্নতা বাবদ(গাছের ডাল কাটা) =৮,৮২০/-(আট হাজার আটশত কুড়ি) টাকা।<br>( ঢ) উপজেলা পরিষদের বিল্ডিং এর উপরে চার কর্ণারে ৪টি সার্চ লাইট স্থাপন করা(বাসাবাড়ী)।<br>(ণ) উপজেলা পরিষদের সভা কক্ষে লাইট লাগানো (বাসাবাড়ী)বাবদ =১৭,৭০০/- (সতের হাজার সাতশত) টাকা।<br>তিনি ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ১। ক্রঃনং ক হতে চ পর্যন্ত প্রস্তাব গুলো অত্যাবশ্যকীয় হওয়ায় বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ক্রমিক নং ক হতে ত পর্যন্ত ব্যয় যথাযথ বিবেচিত হওয়ায় অনুমোদন দেয়া হয়। | ১।উপজেলা প্রকৌশলী<br>২।সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ . | বার্ষিক উন্নয়ন কর্মসূচী(রাজস্ব) | (ক) উপজেলা পরিষদের কনফারেন্স রুমের ফার্নিচার এর প্রাক্কলিত সম্ভাব্য ব্যয় ৪,৭১,৪১৮/- টাকা।<br>(ঙ) উপজেলা পরিষদের কনফারেন্স রুমের ডিজিটাল সাউন্ড সিস্টেম এর প্রাক্কলিত সম্ভাব্য ব্যয় ৫,৩৪,৮৫৪/- টাকা। | প্যাকেজ-০২ টি RFQ পদ্ধতিতে বাস্তবায়ন হবে। | উপজেলা নির্বাহী অফিস। |
| ১৮ বিবিধ | ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান বড়ভিটা সভায় জানান যে,<br>(ক) এডিপি'র অর্থ বিভাজন করে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন।<br>চেয়ারম্যান,পুটিমারী ইউপি জানান যে,<br>(খ) কয়েকটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের পদ শুন্য হয়েছে। পদ গুলো আইন -শৃংখলা রক্ষার স্বার্থে পুরণ করা প্রয়োজন। | (ক) ২য় কিস্তির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) শুন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| খ | তথ্য আপা | তথ্য আপা সভায় জানান যে, সরকারী নীতিমালার আলোকে তার অফিসের কার্যক্রম চলছে। কোন সমস্যা নেই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরামর্শ দেয়া হয়। | তথ্য আপা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| গ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার(ভাঃ) সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার। |
| ঘ | উপজেলা পরিষদের পকেট গেট সম্পর্কিত | চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের পাশে বসবাসরত মোঃ মশিয়ার রহমান চলাচলের রাস্তার না থাকায় মানবেতর জীবন যাপন করছে। তাকে চলাচলের জন্য উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালে একটি ছোট পকেট দেয়ার জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মানবিক কারণে একটি ছোট পকেট গেট দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22.09.21

( শাহ্ মোঃ আবুল কালাম বারী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
www.kishoreganj.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১-১১৬(৫০), তারিখ : ২২/০৯/২০২১খ্রি

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা.............................................কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান,.........................................(সকল) ইউ পি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

২২.০৯.২০২১

( মোঃ নবীরুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।